বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
www.bteb.gov.bd
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৪০৩.৩৩.০০১.২৩.২২৫/৭৮৫৪     তারিখ: ০৪ সেপ্টেম্বর ২০২৩খ্রি.

বিষয়ঃ **এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রম পরিচালনার লক্ষ্যে একাডেমিক স্বীকৃতির অনুমোদন প্রদান।**

সূত্রঃ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি শাখা-০৩ এর স্মারক নং- ৫৭.০০.০০০০.০৫৩.২৯.০১০.২২.২৪৭, তারিখ: ১৪ আগস্ট, ২০২৩খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে জানানো যাচ্ছে যে, আপনার প্রতিষ্ঠানে এস.এস.সি (ভোকেশনাল) শিক্ষাক্রমে একাডেমিক স্বীকৃতির জন্য বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, পাঠদান ও স্বীকৃতি প্রদান সংক্রান্ত নীতিমালা-২০২০-এর ধারা ৬.১ অনুযায়ী ও বোর্ডের এতদসংশ্লিষ্ট কমিটির সুপারিশ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি শাখা-০৩ এর চূড়ান্ত অনুমোদনের প্রেক্ষিতে নিম্নলিখিত শর্তে বর্ণিত প্রতিষ্ঠানের নামের পাশে উল্লিখিত ট্রেডসমূহে ০১/০৭/২০২২খ্রি. তারিখ হতে ৩০/০৬/২০২৫খ্রি. পর্যন্ত ০৩(তিন) বছরের জন্য একাডেমিক স্বীকৃতি প্রদান করা হলো। ০১/০৭/২০২৫খ্রি. অতিক্রান্ত হওয়ার পর নীতিমালা-২০২০ এর ধারা ৬.৩ অনুযায়ী স্বীকৃতি নবায়ন না করা হলে উক্ত একাডেমিক স্বীকৃতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে এবং উক্ত প্রতিষ্ঠানকে পাঠদান/পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম পরিচালনা থেকে বিরত রাখা হবে।

| ক্র: নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | প্রতিষ্ঠান কোড ও কারিকুলাম | ট্রেডসমূহ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | আলিয়ারপুর আজিজ মাধ্যমিক বিদ্যালয়, ডাক: বদরগঞ্জ বাজার, উপজেলা: চুয়াডাঙ্গা সদর, জেলা: চুয়াডাঙ্গা। | কোডঃ২৯০১৪ এসএসসি (ভোকেশনাল) | ১. জেনারেল মেকানিক্স<br>২.অটোমোবাইল এন্ড অটো-ইলেকট্রিক বেসিকস | শর্তসাপেক্ষে স্বীকৃতিপ্রাপ্ত |
| ২. | হাজী রাশীদ আলী উচ্চ বিদ্যালয়, ডাক: কামাল বাজার, উপজেলা: দক্ষিণ সুরমা, জেলা: সিলেট। | কোডঃ ৬১০৬৮ এসএসসি (ভোকেশনাল) | ১. আইটি সাপোর্ট এন্ড আইওটি বেসিকস<br>২.জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস<br>৩.পেশেন্ট কেয়ার টেকনিক | শর্তসাপেক্ষে স্বীকৃতিপ্রাপ্ত |
| ৩. | মুক্তিযোদ্ধা মিজাজ খান টেকনিক্যাল স্কুল এন্ড বি.এম কলেজ, গ্রাম: কুমড়ী, ডাক: ভূটিয়ারকোনা, উপজেলা: গৌরীপুর, জেলা: ময়মনসিংহ। | কোডঃ ৫৭২০৫ এসএসসি (ভোকেশনাল) | ১. আইটি সাপোর্ট এন্ড আইওটি বেসিকস<br>২.জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস | শর্তসাপেক্ষে স্বীকৃতিপ্রাপ্ত |
| ৪. | মেলান্দহ উমির উদ্দিন পাইলট উচ্চ বিদ্যালয়, গ্রাম:গোবিন্দপুর, ডাক ও উপজেলা: মেলান্দহ, জেলা: জামালপুর। | কোডঃ ৫৫০০৫ এসএসসি (ভোকেশনাল) | ১. জেনারেল মেকানিক্স<br>২.জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস<br>৩. বিল্ডিং মেইনটেন্যান্স | শর্তসাপেক্ষে স্বীকৃতিপ্রাপ্ত |

শর্তসমূহঃ

১. নীতিমালা অনুযায়ী নির্ধারিত সময়ে নিজস্ব জমিতে উপযুক্ত ভৌত অবকাঠামো নিশ্চিত করতে হবে এবং প্রতিষ্ঠানের নামে নামজারিসহ জমি সংক্রান্ত সকল তথ্যের মুল কপি যাচাই বাছাই কমিটিকে প্রদর্শন করতে হবে। কোন তথ্যের কাগজ জাল প্রমানিত হলে একাডেমিক স্বীকৃতি তাৎক্ষনিক বাতিল বলে গণ্য হবে।

২.ছাত্র-ছাত্রীর সংখ্যা ও পরিচালিত ট্রেড চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক মানসম্পন্ন ক্লাশ রুমের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

৩.পরিচালিত ট্রেডের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ও আসবাবপত্র সম্বলিত উপযুক্ত সংখ্যক ল্যাব/শপ নিশ্চিত করতে হবে এবং ব্যবহারিক ক্লাশ পরিচালনার জন্য প্রয়োজনীয় কাঁচামাল সরবরাহ নিশ্চিত করতে হবে।

৪. ছাত্র-ছাত্রীর সংখ্যা অনুসারে ক্লাশ পরিচালনার উপযোগী প্রয়োজনীয় সংখ্যক (কমপক্ষে ২০টি) ইন্টারনেট সংযোগসহ কম্পিউটার ল্যাব এর ব্যবস্থা করতে হবে।

৫. প্রবিধান মোতাবেক যথাযথ ক্লাশ রুটিন ও প্রধান শিক্ষক/সুপার এর কক্ষে মাষ্টার রুটিন থাকতে হবে। রুটিন অনুসারে তাত্বিক ও ব্যবহারিক ক্লাশ অনুষ্ঠান নিশ্চিত করতে হবে। ছাত্র-ছাত্রীদের হাজিরা যথাযথভাবে সংরক্ষন করতে হবে এবং উপস্থিতি সন্তোষজনক হতে হবে।

৬.শিক্ষার্থীদের লেখাপড়ার মান উন্নয়ন এবং সন্তোষজনক ফলাফলের ব্যাপারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক নিয়োগ নিশ্চিত করতে হবে।

৭.লাইব্রেরীতে সংশ্লিষ্ট বিষয়ের পর্যাপ্ত সংখ্যক বই সংরক্ষণ করতে হবে এবং লাইব্রেরী শিক্ষার্থীদের ব্যবহারের জন্য খোলা রাখতে হবে।

৮.নীতিমালা অনুযায়ী উপযুক্ত পরিমান অর্থ (সংরক্ষিত তহবিল ও সাধারণ তহবিল) ব্যাংকে জমা রাখতে হবে। এস.আর.ও অনুযায়ী প্রতিষ্ঠানের আর্থিক ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষণ পদ্ধতি "নির্দেশিকা" অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে ও ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।

৯. প্রত্যেক অর্থ বছরের শেষে প্রতিষ্ঠানের জমা-খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করতে হবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে। বোর্ডের কর্মকর্তা পরিদর্শনে গেলে চাহিবামাত্র তা প্রদর্শন করতে হবে।

১০. বোর্ড প্রণীত ভর্তি নীতিমালা অনুযায়ী শিক্ষার্থী ভর্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং আসন সংখ্যার অতিরিক্ত শিক্ষার্থী ভর্তি করা যাবে না। কারিকুলাম অনুযায়ী বোর্ডের শিক্ষাবর্ষপঞ্জি অনুসরণ করতে হবে।

১১. একাডেমিক স্বীকৃতি প্রাপ্তির পরেও শিক্ষার্থী ভর্তির পূর্বে প্রতি শিক্ষাবর্ষে বোর্ডের নির্ধারিত অ্যাফিলিয়েশন ফি জমা দিতে হবে।

১২. স্বীকৃতি প্রাপ্ত কোন প্রতিষ্ঠানে একনাগারে তিন বছর কোন ট্রেডে শিক্ষার্থী ভর্তি করা না হলে অনুমোদিত ট্রেড বাতিল বলে গণ্য হবে।

১৩. এস, আর, ও নং-২৬৭/আইন/২০০৯ অনুযায়ী বৈধ ব্যবস্থাপনা কমিটি থাকতে হবে।

১৪.উল্লিখিত শর্তসমূহের কোন ব্যতয় পরিলক্ষিত হলে উক্ত প্রতিষ্ঠানের একাডেমিক স্বীকৃতি স্বয়ংক্রিয় ভাবে বাতিল বলে গণ্য হবে।

০৪.০৯.২৩

(প্রকৌ. বি.এম. আমিনুল ইসলাম)
পরিদর্শক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট/প্রধান শিক্ষক
সংশ্লিষ্ঠ সকল এসএসসি (ভোকেশনাল) পরিচালনাকারি প্রতিষ্ঠানসমূহ।
..................................................
..................................................

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৪০৩.৩৩.০০১.২৩.২২৫ (১২)/১৭৮৫৪ তারিখ: ০৪ সেপ্টেম্বর ২০২৩খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), নীলক্ষেত, ঢাকা।
৩) জেলা প্রশাসক (সংশ্লিষ্ঠ সকল),.............................
৪-৭) সচিব/পরিচালক (কারিকুলাম)/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮) উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ঠ সকল),..................................................
৯) সভাপতি (সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান), ..................................................
১০) সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১) চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২) অফিস নথি।

০৪/০৯/২০২৩

(প্রকৌ. মো: হুমায়ুন কবির)
উপপরিদর্শক (ভোকেশনাল) অ.দা.
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।